# সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়

সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।

**EIIN No: 136753, School Code:1611, Thana Code:132, District Code:12**

**Website: www.scbbhs.edu.bd      E-mail: scbbhs1988@gmail.com**


নং- ১৭/২০২৫ তারিখ ঃ ০৬ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ

## জুলাই-ডিসেম্বর পর্যন্ত বেতন আদায়ের নোটিশ-২০২৫

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাযো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষের **জুলাই থেকে ডিসেম্বর মাসের বেতন (জানুয়ারি-জুন মাসের বকেয়া থাকলে বকেয়াসহ)** আগামি **৩০/০৯/২০২৫ খ্রি.** তারিখের মধ্যে বিদ্যালয়ের নির্ধারিত মোবাইল অ্যাপস **Cloud Campus 24** এর মাধ্যমে পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।


উল্লেখ্য যে, অনেক শিক্ষার্থী নতুন ভর্তি হয়েছে। উক্ত নতুন ভর্তিকৃত শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীর অভিভাবকবৃন্দের অবগতির জন্য বিদ্যালয়ের নির্ধারিত সঠিক মোবাইল অ্যাপস ইনস্টল করে উক্ত অ্যাপস এর মাধ্যমে বেতন পরিশোধ করার প্রক্রিয়া নিম্নে চিত্রসহ ধাপে ধাপে দেয়া হলো। অনুগ্রহ পূর্বক নিয়মগুলো (সংযুক্তি-১) ভালোভাবে পড়ে সঠিক পদ্ধতিতে বেতন পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তি ঃ**


১। মোবাইল অ্যাপস এর মাধ্যমে বেতন পরিশোধ করার প্রক্রিয়া চিত্রসহ।

(মোঃ আবুল কাশেম)
**প্রধান শিক্ষক**
সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়
সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।


ধাপ ১ ঃ (Cloud Campus 24 মোবাইল অ্যাপস ইনস্টল করার পদ্ধতি)




প্রথমেই মোবাইল থেকে Google পেজ ওপেন করতে হবে এবং সেখানে টাইপ করতে হবে scbbhs। এরপর বিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট প্রথমেই দেখা যাবে এবং সেই ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।





এরপর লাল রঙের বাটনে লেখা **Cloud Campus 24 Apps** উক্ত বাটনটি সিলেক্ট করতে হবে।









বাটন সিলেক্ট করার পরে Package Installer অপশনটি সিলেক্ট করতে হবে। সিলেক্ট করার পর সয়ংক্রিয়ভাবে আপনার ফোনে মোবাইল অ্যাপসটি ডাউনলোড হয়ে যাবে।





ডাউনলোড হওয়ার পরে আপনার ফোনে ইনস্টল করার জন্য Install বাটন সিলেক্ট করতে হবে।





ইনস্টল হওয়ার পরে Open বাটন সিলেক্ট করলেই বিদ্যালয়ের মোবাইল অ্যাপসটি ওপেন হয়ে যাবে।

ধাপ ২ ঃ (Cloud Campus 24 এর মাধ্যমে বেতন পরিশোধ করার পদ্ধতি)

অ্যাপসটি ওপেন হওয়ার পরে নিম্নের মতো পেজ আসবে। এখন বিদ্যালয় কর্তৃক প্রেরিত শিক্ষার্থীর নির্ধারিত আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন বাটনে ক্লিক করুন।




এরপর অ্যাপস এর Fees Payment বাটনে ক্লিক করুন।



Fees Payment বাটনে ক্লিক করার পর এমন একটি পেজ আসবে যেখানে শিক্ষার্থীর কত টাকা পে করতে হবে তা দেয়া থাকবে। এখানে নমুনা হিসেবে ১০ টাকা দেখানো হয়েছে।





এখন Proceed to Payment বাটনে ক্লিক করতে হবে।





এখন Pay with SSL বাটনে ক্লিক করতে হবে।


এরপর যে মাধ্যমে টাকা পাঠাতে চান সেই মাধ্যমটি সিলেক্ট করুন। এখানে বিকাশ থেকে কিভাবে টাকা দিতে হয় তা দেখানো হলো। প্রতিটি মাধ্যমে একই প্রক্রিয়ায় টাকা পরিশোধ করা যাবে।





এখন Pay বাটনে ক্লিক করতে হবে।

এরপর আপনি যে বিকাশ নম্বর থেকে টাকা পাঠাতে চান সেই মোবাইল নম্বর প্রবেশ করান এবং Confirm বাটনে ক্লিক করুন। উক্ত নম্বরে একটি OTP যাবে সেই OTP নম্বরটি প্রবেশ করিয়ে Confirm বাটনে ক্লিক করুন।





এরপর আপনি যে বিকাশ নম্বর দিয়েছেন সেই বিকাশ নম্বরের পিন কোড প্রবেশ করান এবং Confirm বাটন বা Next বাটনে ক্লিক করুন। পরবর্তীতে ট্যাপ করে Payment Confirm করুন।



এই পেজটি আসার পরেই টাকা Payment Confirmation মেসেজ আসবে। কিন্তু এই পেজটি যতক্ষন থাকবে ততক্ষণ অপেক্ষা করুন। কমপক্ষে ১০ সেকেন্ড অপেক্ষা করুন। এই পেজ থেকে যদি আপনি ১০ সেকেন্ডের আগেই বের হয়ে যান তখন পেমেন্ট কমপ্লিট হবে না।



১০ সেকেন্ডের মধ্যেই এই রকম একটা Successful মেসেজ পাবেন। অর্থাৎ আপনার বেতন পরিশোধ হয়ে গেছে। এরপর আপনি অ্যাপস থেকে বের হয়ে যেতে পারেন।



এরপরও যদি নিশ্চিত হতে চান যে বেতন পরিশোধ হয়েছে কিনা? তাহলে পুনরায় অ্যাপস এর Fees Payment অপশনটি সিলেক্ট করুন। তখন আপনার টাকার পরিমাণ ০.০০ দেখাবে।




সহযোগিতার ধন্য ধন্যবাদ।
--- বিদ্যালয় কর্তৃপক্ষ